

2 0 1 6

ELECTIVE BENGALI

Paper : 6·1

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

রবীন্দ্রনাথ—১ অথবা রবীন্দ্রনাথ—২ থেকে প্রশ্নের উত্তর লিখতে হবে।

(রবীন্দ্রনাথ—১)

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : $1 \times 10 = 10$

(ক) 'রাজা' নাটকে সুরঙ্গমার পরিচয় কী?

(খ) কোন উৎসবের দিন রাজা, রাণী সুদর্শনাকে দেখা দিতে চেয়েছেন?

(গ) "প্রভু বুদ্ধ লাগি আমি ভিক্ষা মাগি।" পংক্তিটি কোন কবিতার অন্তর্গত?

(ঘ) গুরু _____ ঘিরি কুটির প্রাঙ্গণে
হোমাগ্নি-আলোকে।

- (ঙ) 'পূজারিণী' কবিতায় অজাতশত্রু কী রটনা করেছিল ?
- (চ) 'রাজা' নাটকে কাঞ্চী আর কোশলরাজ ছাড়া আর কোন্ রাজা উৎসবে যোগ দিয়েছিলেন ?
- (ছ) "তুমি যে আমাদের উৎসবের সূত্রধর।"
'রাজা' নাটকে একটি বিশেষ দৃশ্যে কাকে উৎসবের সূত্রধর বলা হয়েছে ?
- (জ) "নগরীর নটী চলে অভিসারে
যৌবনমদে মত্তা।"
'নগরীর নটী'র নাম কী ?
- (ঝ) "ওরে রে আয় লয়ে তামাকু পান, ভৃত্যে ডাকি কেহ কয়।"
পংক্তিটি কোন্ কবিতার অন্তর্গত ?
- (ঞ) রাজার ধ্বজায় পদ্ম ফুলের মাঝখানে কী আঁকা ছিল ?

২। নির্দেশ অনুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : $২ \times ৫ = ১০$

- (ক) "ঘরে সন্ধ্যাদীপ জ্বালা;
দাঁড়িয়ে দুয়ার ধরি জননী জ্বালা।"
জ্বালা কে ? সে কার অপেক্ষায় দুয়ার ধরে দাঁড়িয়েছিল ?
- (খ) "কণ্ঠে খেলিতেছে সাতটি সুর"
কার কণ্ঠে সাতটি সুর খেলা করছে ? এই 'সাতটি সুর'কে কবি কীসের সঙ্গে তুলনা করেছেন ?

- (গ) "আজ আমার পুষ্পবনের আনন্দে তোমাকে যোগ দিতে হবে।"
বক্তা কে ? কাকে আনন্দে যোগ দিতে হবে ?
- (ঘ) "আজি _____ দুয়ার খোলা
এসো হে, এসো হে, এসো হে, আমার
বসন্ত এসো।
(শূন্যস্থান পূর্ণ করো)
গানটি 'রাজা' নাটকের যে দৃশ্যে আছে তার শীর্ষ নামটি উল্লেখ করো।
- (ঙ) "ঠাকুর, কখন আজি আসিবে জোয়ার ?
বক্তা কে ? এখানে 'ঠাকুর' কে ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) "আমরা সবাই রাজা আমাদের এই রাজার রাজত্বে"
অর্থ পরিস্ফুট করো।
- (খ) টীকা লেখো : কাঞ্চীরাজ অথবা সুবর্ণ
- (গ) 'রাজা' নাটকের শেষ দৃশ্যে রাজা ও রাণী সুদর্শনার মধ্যকার কথোপকথন বর্ণনা করো।
- (ঘ) 'শ্রেষ্ঠ ভিক্ষা' কবিতায় বুদ্ধের শিষ্য অনাথপিণ্ডকে শ্রাবস্তীপুরীর পুরবাসীরা কী কী ভিক্ষা দিয়েছিলেন ?

- (ঙ) 'অভিসার' কবিতায় কে অভিসারে যাত্রা করেছিল?
সন্ন্যাসীর সঙ্গে তার প্রথম সাক্ষাতের দৃশ্যটি বর্ণনা করো।
- (চ) 'গানভঙ্গ' কবিতায় সভাগৃহে বরজলাল কীভাবে গান শুরু করেছিলেন? শ্রোতাদের প্রতিক্রিয়া ব্যক্ত করো।
- ৪। নিম্নলিখিত প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও (যে কোনো দুটি) :
১০×২=২০
- (ক) প্রাচীন ভারতের সৌন্দর্য এবং মহানতা রবীন্দ্রনাথের কাব্যে যে অপরূপ রূপ পরিগ্রহ করেছে তা তোমার পাঠ্য যে কোনো একটি কবিতা অবলম্বনে বর্ণনা করো।
- (খ) 'ব্রাহ্মণ' কবিতার নামকরণের সার্থকতা আলোচনা করো।
- (গ) 'দেবতার গ্রাস' কবিতার বিষয়বস্তু আলোচনা করো এবং এই কবিতায় কবির বক্তব্য বিষয় পরিস্ফুট করো।
- (ঘ) উপযুক্ত উদ্ধৃতিসহ 'পুজারিণী' কবিতাটির একটি রসগ্রাহী আলোচনা করো।
- ৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :
১০×২=২০
- (ক) 'রাজা' নাটকের ঠাকুরদা চরিত্রটি বিশ্লেষণ করো।
- (খ) 'রাজা' নাটকে পরিবেশিত গানগুলোর নাটকীয় তাৎপর্য বিশ্লেষণ করো।
- (গ) 'রাজা' নাটকের অন্তর্নিহিত বক্তব্য পরিস্ফুট করো।
- (ঘ) 'রাজা' নাটকে সুদর্শনা ও সুরঙ্গমা চরিত্রের উপস্থাপনা নাট্যকাহিনীর বিকাশ ও পরিণতিতে কীভাবে সহায়ক হয়ে উঠেছে, আলোচনা করো।

(রবীন্দ্রনাথ—২)

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো :
১×১০=১০
- (ক) "ডাক্তার! ডাক্তার! স্থালাতন করিল। এই অর্ধেক রাত্রে।"
কোন গল্প থেকে নেওয়া হয়েছে?
- (খ) _____ হরিণ শিশুর মতো বন্ধনভীরু।
- (গ) 'আপদ' গল্পের কেন্দ্রীয় চরিত্রটির নাম কী?
- (ঘ) ইন্দ্রাণী বাবুদের বাড়িতে কী উপলক্ষে গিয়েছিল?
- (ঙ) তোমার পাঠ্য কোন গল্পটিতে শুস্তা নদীর উল্লেখ আছে?
- (চ) অমিত রায়ের বাবার পেশা কী ছিল?
- (ছ) লাভণ্যর সঙ্গে অমিতের প্রথম দেখা কোথায় হয়েছিল?
- (জ) সিসি, লিসি—এরা কে?
- (ঝ) "দেবতার হাতে সময় অসীম; তাই ঠিক সময়টিতে সূর্য ওঠে, ঠিক সময়ে অস্ত যায়।" বক্তা কে?
- (ঞ) লাভণ্যর বাবার একটি স্নেহের পাত্র ছিল, তাঁর নাম কী?

২। সংক্ষিপ্ত উত্তর দাও/শূন্যস্থান পূর্ণ করো : $২ \times ৫ = ১০$

- (ক) মতিলাল বাবুর কন্যা এবং তার খেলার সাথীর নাম কী কী ?
- (খ) 'আপদ' গল্পে আপদ কাকে বলা হয়েছে ? তার পরিচয় কী ?
- (গ) নবেন্দুশেখরের স্ত্রী এবং তাঁর শালিকাদের যে কোনো একজনের নাম লেখো।
- (ঘ) For God's sake, hold your _____.
- (ঙ) লাভণ্যর বাবার নাম কী ? তাঁর পেশা কী ছিল ?

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$

- (ক) 'প্রতিহিংসা' গল্পের ইন্দ্রাণী চরিত্রটি আলোচনা করো।
- (খ) তারাপদ চরিত্রটির বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো।
- (গ) টীকা লেখো : নবেন্দুশেখর
- (ঘ) "যা আমার ভালো লাগে তাই আর একজনের লাগে না, এই নিয়েই পৃথিবীতে যত রক্তপাত।" বক্তা কে ? কোন্ প্রসঙ্গে এই উক্তি করা হয়েছে, লেখো।
- (ঙ) 'শেষের কবিতা' উপন্যাসে বর্ণিত শিলং পাহাড়ের সৌন্দর্য বর্ণনা করো।
- (চ) কেটি মিটারের সম্পর্কে যা জান লেখো।

৪। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ৪ = ৪০$

- (ক) তারাপদ এবং নীলকান্ত চরিত্র দুটির তুলনামূলক বিশ্লেষণ করো।
- (খ) 'আপদ' গল্পে নীলকান্তের প্রতি কিরণময়ীর মাতৃসুলভ স্নেহের স্বরূপ তুলে ধরো।
- (গ) 'ক্ষুধিত পাষণ' গল্পে অতিপ্রাকৃত রসের বিস্তার আছে কিনা, আলোচনা করো।
- (ঘ) 'নিশীথে' গল্পটির অন্তর্নিহিত বক্তব্য তুলে ধরো।
- (ঙ) 'শেষের কবিতা' উপন্যাসটি কোন্ গুণে একটি অসাধারণ শিল্পসার্থক সৃষ্টি হয়ে উঠেছে তা আলোচনা করো।
- (চ) অমিত চরিত্রটি আলোচনা করো এবং তাঁর চারিত্রিক বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো।
- (ছ) "অমিত ও লাভণ্যর প্রেমের দৃশ্য 'শেষের কবিতা' উপন্যাসকে মোহময়ী করে তুলেছে।" বিশ্লেষণ করে দেখাও।
- (জ) কেটি মিত্র এবং লাভণ্য চরিত্র দুটির তুলনামূলক আলোচনা উপস্থাপিত করো।
